

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৭৭২  
বিলোনীয়া, ২২ নভেম্বর, ২০২৩

### রাজনগর ব্লকভিত্তিক যুব উৎসব

রাজনগর ব্লক এবং যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের যৌথ উদ্যোগে সম্প্রতি রাজনগর ব্লকভিত্তিক যুব উৎসব অনুষ্ঠিত হয় বিবেকানন্দ ক্র্যাফট এন্ড কালচারেল সেন্টারে। এই যুব উৎসবের উদ্বোধন করে বিধায়ক স্বপ্না মজুমদার বলেন, যুব উৎসব যুবকদের সংস্কৃতি মনা করে তুলে এবং তাদের সৃজনশীলতার বিকাশে সহায়তা করে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন রাজনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান রতন সেন চৌধুরি, বিডিও সৈকত সাহা প্রমুখ। যুব উৎসবে ১৬ থেকে ২৯ বছর বয়সী মোট ৬০ জন যুবক যুবতী বিভিন্ন বিভাগে প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। প্রতি বিভাগে প্রথম স্থানাধিকারীগণ আগামী ২৪ নভেম্বর বিলোনীয়া টাউন হলে জেলাভিত্তিক যুব উৎসবে অংশগ্রহণ করবে।

\*\*\*\*\*